

আপনি কি গর্ভবতী বা সন্তানকে বুকের দুধ পান করছেন? কর্মক্ষেত্রে আপনার অধিকার জানুন

কর্মক্ষেত্রে গর্ভাবস্থা সংক্রান্ত বৈষম্য যুক্তরাষ্ট্রীয় এবং নিউইয়র্ক স্টেটের আইনের বিরোধী।

গর্ভবতী অবস্থায় কাজ

একজন নিয়োগকর্তার¹ জন্য কোনো কর্মচারীকে সে গর্ভবতী বা গর্ভবতী হতে পারে তাই বহিস্কার করা অবৈধ— অথবা গর্ভাবস্থা, শিশুর জন্ম, বা সম্পর্কিত কোন অবস্থার² জন্য চাকরীর বিধি, শর্ত এবং সুবিধা পরিবর্তন করা। এছাড়াও কোনো নিয়োগকর্তার জন্য কোনো কর্মচারীকে সে গর্ভবতী বা গর্ভবতী হতে পারে এই কারণে নিয়োগ না দিতে বা পদোন্নতি না দিতে চাওয়া অবৈধ।

জানুয়ারি ২০১৬ পর্যন্ত, নিউইয়র্ক স্টেট স্পষ্টভাবে নিশ্চিত করে যে গর্ভবতী কর্মীরা যেকোনো গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থার কারণে যুক্তিসম্মত ব্যবস্থা পাবেন, যার মধ্যে অন্তর্ভুক্ত:

- মাঝে মাঝে বিশ্রাম নেওয়ার বা পানি পান করার বিরতি,
- একটি পরিমার্জিত কাজের সময়সূচি,
- সম্পর্কিত মেডিকেল প্রয়োজনে ছুটি,
- হালকা দায়িত্বের কাজের জন্য প্রস্তুত থাকা, এবং
- বিপজ্জনক কাজ থেকে স্থানান্তর।

আপনি গর্ভবতী বলে আপনার নিয়োগকর্তাকে আপনাকে ছুটি দিতে হবে না। আপনি যদি মেডিকেল ছুটি নিয়ে থাকেন একটি গর্ভাবস্থা সংক্রান্ত অবস্থা বা সন্তান জন্ম দেওয়ার ফলে, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার চাকরী ততদিন ধরে রাখতে হবে যতদিন সে অন্যান্য কারণে মেডিকেল ছুটির ক্ষেত্রে রাখতেন। যুক্তরাষ্ট্রীয় পরিবার এবং মেডিকেল ছুটি আইন (Federal Family and Medical Leave Act), নিউইয়র্ক স্টেট প্রতিবন্ধী সুবিধা আইন (New York State Disability Benefits Law), এবং নিউইয়র্ক স্টেট পারিবারিক বেতনভোগী ছুটি আইনের (New York State Paid Family Leave Law) আওতায় আপনার আরো কাজে-ফেরা সংক্রান্ত অধিকার থাকতে পারে।

সন্তানকে বুকের দুধ পান করানো অবস্থায় কাজ

নিউইয়র্ক স্টেট আইনের অধীনে, আপনার নিয়োগকর্তার জন্য আপনি বুকের দুধ খাওয়াচ্ছেন এই কারণে আপনার প্রতি ভিন্নভাবে আচরণ করা অবৈধ। দুধ খাওয়াচ্ছেন এমন মায়েরা নিশ্চিতভাবে কাজের সময় তাদের স্তন পাম্প করার জন্য বিরতি পাবেন।

- সন্তান জন্মানোর তিন বছর পর্যন্ত, আপনার যুক্তিসম্মত বেতন ছাড়া বিরতি বা আপনার সবেতন বিরতি বা প্রতি দিন খাওয়ার সময় নিতে পারবেন, যাতে করে আপনি কাজের সময় আপনার বুকের দুধ বের করতে পারেন।
- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই একটি ঘর বা একটি স্থান দেওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করতে হবে, আপনার কাজের জায়গার কাছে কোথাও, যাতে আপনি গোপনে আপনার বুকের দুধ বের করতে পারেন।
- কাজের জায়গায় আপনার বুকের দুধ বের করার সিদ্ধান্তের কারণে আপনার নিয়োগকর্তা আপনার সাথে বৈষম্য করতে পারেন না।

¹ এই উদ্দেশ্যে, এন.ওয়াই. মানবাধিকার আইন (N.Y. Human Rights Law) যার অধীনে চার বা তার বেশি কর্মচারী আছে থাকে নিয়োগকর্তা হিসেবে সংজ্ঞায়িত করে।

² মানবাধিকার আইনের আওতায় গর্ভাকালীন বা প্রসবের সাথে সম্পর্কিত যে কোনও মেডিকেল অবস্থা যা একটি স্বাভাবিক শারীরিক কার্যক্রম সম্পাদনে বাঁধা দেয় বা মেডিকলে গ্রহণযোগ্য ক্লিনিকাল বা ল্যাবরেটরির ডায়াগনস্টিক কৌশল দ্বারা প্রদর্শিত, এবং স্তন্যপান, গর্ভশ্রাব এবং গর্ভপাত অন্তর্ভুক্ত থাকবে।

পারিবারিক বেতনভোগী ছুটি (Paid Family Leave) নেওয়া

২০১৬ সালে, গভর্নর কোমো (Cuomo) দেশের সবথেকে শক্তিশালী এবং বিস্তৃত বেতনভোগী পারিবারিক ছুটির নীতিকে আইনে পরিণত করেন। কর্মজীবী পরিবারদের এখন আর তাদের প্রিয়জনদের জন্য যত্ন এবং তাদের অর্থনৈতিক নিরাপত্তার মধ্যে একটিকে বাছাই করতে হবে না।

জানুয়ারি ১, ২০১৮ থেকে যেইসব কর্মচারীরা নিউইয়র্ক স্টেটে বেসরকারি নিয়োগকর্তার অধীনে কাজ করেন তারা পারিবারিক বেতনভোগী ছুটির উপযুক্ত। আপনি যদি একজন সরকারি কর্মচারী হন, আপনার নিয়োগকর্তা পারিবারিক বেতনভোগী ছুটি দিবে কিনা তা তার ইচ্ছার উপর নির্ভর করে।

নিউইয়র্কের পারিবারিক বেতনভোগী ছুটি চাকরীর সুরক্ষা সহ বেতনভোগী ছুটি প্রদান করে যাতে আপনি:

- **বন্ধন** তৈরী করতে পারেন নবজাতক, দত্তক নেয়া বা পালিত সন্তানের সাথে;
- **যত্ন নিতে হয়** কোনো নিকটাত্মীয়ের যার গুরুতর স্বাস্থ্য অবস্থা রয়েছে; অথবা
- **সহায়তা করতে হয়** কোনো প্রিয়জনকে যখন পরিবারের কোনো সদস্যকে সক্রিয় সামরিক সেবার জন্য বিদেশে পাঠানো হয়।

ছুটিতে থাকা অবস্থায় আপনি আপনার স্বাস্থ্য ইন্স্যুরেন্স চালিয়ে যেতে পারবেন এবং আপনার ছুটি শেষ হওয়ার পর নিশ্চিতভাবে আপনাকে একই বা সমমানের একটি চাকরী দেওয়া হবে। আপনি যদি আপনার স্বাস্থ্য ইন্স্যুরেন্স এর খরচে অংশীদার হয়ে থাকেন, পারিবারিক বেতনভোগী ছুটিতে থাকা অবস্থায় আপনাকে অবশ্যই প্রিমিয়াম খরচের আপনার অংশ দিতে হবে।

পারিবারিক বেতনভোগী ছুটি নেওয়ার জন্য বা গর্ভাবস্থা এবং সন্তান জন্ম দেওয়া সংক্রান্ত সাময়িক প্রতিবন্ধকতার জন্য আপনার নিয়োগকর্তা আপনার প্রতি বৈষম্য প্রদর্শন বা বিরাগভাজন হতে পারবেন না।

আরো তথ্যের জন্য, দেখুন ny.gov/pregnancyrights বা টেক্সট করুন “PREGNANT” এই নম্বরে 81336।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার গর্ভাবস্থার জন্য, আপনি বৈষম্যের শিকার হয়েছেন, বা গর্ভাবস্থা বা সন্তান জন্ম দেওয়া সংক্রান্ত কোনো মেডিকেল অবস্থার জন্য যুক্তিসম্মত ব্যবস্থা থেকে বঞ্চিত হয়েছেন, আপনি নিউইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগের (New York State Division of Human Rights) কাছে অভিযোগ দায়ের

করতে পারেন:

দেখুন: dhr.ny.gov অথবা ফোন করুন ১-৮৮৮-৩৯২-৩৬৪৪